



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

মানসম্মত যুগোপযোগী শিক্ষা বিকাশে অঙ্গীকারাবদ্ধ

স্মারক নং- ২/প্রশ্ন/১/ধ/০১৩০

তারিখ :- ১৬/১০/২০২২

বিজ্ঞপ্তি


এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সম্মানিত অধ্যক্ষ ও প্রধান শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “শেখ রাসেল দিবস ২০২২” উদযাপন উপলক্ষ্যে তাঁর প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণের লক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীদের স্বহস্তে লিখিত রচনা নিম্নের নির্দেশনা মোতাবেক আগামী ৩০ অক্টোবর ২০২২ বিকেল ০৫.০০ টার মধ্যে ডাকযোগে/সরাসরি বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র ঠিকানায় পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো। রচনা প্রতিযোগিতায় প্রতি গ্রুপে বিজয়ী ৩জনকে সনদ ও পুরস্কার প্রদান করা হবে।

“শেখ রাসেল দিবস ২০২২ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা”

গ্রুপ	শ্রেণি	বিষয়	শব্দ
ক	৬ষ্ঠ হতে ৮ম	বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল	৩০০
খ	৯ম হতে ১০ম	শিশু শেখ রাসেল ও আমাদের অনুভূতি	৪০০
গ	একাদশ হতে দ্বাদশ	শিশু শেখ রাসেল হত্যাকাণ্ড ও মানবতার বিপর্যয়	৫০০

প্রতিযোগিতার রচনা পাঠানোর নিয়ম :

- রচনার শুরুতে গ্রুপ, বিষয়, প্রতিযোগির নাম, শ্রেণি, রোল, মোবাইল নম্বর ও শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।
- স্বহস্তে লিখিত রচনা A4 সাইজের কাগজের এক পার্শ্বে লিখতে হবে (উভয় পৃষ্ঠায় না)।
- লেখার সাথে ১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ছাত্রের পরিচয় পত্র (ID Card) ও জন্ম নিবন্ধন এর কপি সংযুক্ত করে দিতে হবে।
- ডাকযোগে/কুরিয়ার/সরাসরি স্বহস্তে লিখিত রচনা A4 সাইজের খামে মুখ বন্ধ করে অফিস চলাকালীন সময়ে বিদ্যালয় দপ্তরের শাখা অফিস কক্ষের সামনে রক্ষিত বক্সে ৩০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে জমা দিতে হবে।


মহা: জিয়াউল হক ১৬/১০/২২

আহবায়ক

শেখ রাসেল দিবস উদযাপন কমিটি ২০২২

ও

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

টেলিফোন : ০২৫৮৮৮৫৫৭৬৮ (অফিস)

অনুলিপি অবগতি :

- রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষার্থী।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড
- ওয়েব সাইটে ভিজিট করুন- www.rajshahieducationboard.gov.bd
- অফিস নথি।